

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯০

আগরতলা, ২৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

নয়াদিল্লি থেকে ভিডিও কনফারেন্সে ভারতের নির্বাচন কমিশনের
২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোট গ্রহণের প্রস্তুতি নিয়ে পর্যালোচনা

ভারতের নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল নয়াদিল্লি থেকে আজ ভিডিও কনফারেন্সে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোট গ্রহণের প্রস্তুতি নিয়ে পর্যালোচনা করেন। উল্লেখ্য, আগামী ২৬ এপ্রিল, ২০২৪ দ্বিতীয় পর্যায়ে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের ভোটগ্রহণ করা হবে। ভিডিও কনফারেন্সে উপনির্বাচন কমিশনার মনোজ সাউ-এর নেতৃত্বে ভারতের নির্বাচন কমিশনের সচিব সন্তোষ কুমার দুবে ও প্রিন্সিপাল সেক্রেটারি অরবিন্দ আনন্দ এই পর্যালোচনায় অংশ নেন। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল ও রাজ্য পুলিশ নোডাল অফিসার জি এস রাও সারুম থেকে এই পর্যালোচনায় অংশ নেন। তাছাড়াও সংশ্লিষ্ট জেলা থেকে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা সাজু বাহিদ এ, উত্তর ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক দেবপ্রিয় বর্ধন, উনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক ডি কে চাকমা, খোয়াই জেলার জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দ্রন, গোমতী জেলার জেলা নির্বাচন আধিকারিক তড়িৎ কান্তি চাকমা, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সবাল সহ সংসদীয় ক্ষেত্রের পুলিশ সুপারগণ এই পর্যালোচনায় অংশ নেন।

পর্যালোচনা সভায় অবাধ ও সম্পূর্ণ ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণ এবং ভোটারগণকে ভোটদানে আরও উৎসাহিত করার জন্য গুরুত্ব আরোপ করা হয়। সভায় ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার তথা ধলাই জেলার জেলাশাসক ও সমাহর্তা সাজু বাহিদ এ বলেন, শান্তিপূর্ণ ও ভয়মুক্ত পরিবেশে ভোটগ্রহণ সম্পন্ন করতে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভোটারের হার বৃদ্ধিতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই মাইক্রো অবজারভারদের ও ভোটগ্রহণ কর্মীদের মহড়ার কাজ শেষ হয়েছে। প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ওয়েবকাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে। সংসদীয় ক্ষেত্রের বিভিন্ন রাস্তায় নাকা পয়েন্ট স্থাপনের মাধ্যমে কঠোর নজরদারি জারি রাখা হয়েছে। তাছাড়া শান্তিশৃঙ্খলা বজায় রাখতে কেন্দ্রীয় বাহিনী সহ রাজ্য পুলিশের মাধ্যমে একযোগে পুলিশি টহল, সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হচ্ছে। আগামীকাল থেকে ড্রাই রানের পাশাপাশি ১৪৪ ধারা জারি করা হবে। ভারত-বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে। ৮৫ বছর উর্দ্ধ নাগরিক এবং দিব্যাঙ্গজনদের ভোটগ্রহণ এবং পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ শান্তিপূর্ণ ভাবে ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে রু শরনার্থীদের ভোট প্রদান নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।
